



# হারাগাছ পৌরসভা কার্যালয় কাউনিয়া, রংপুর।



স্মারক নং-হারা/পৌর/প্রশা/নিয়োগ/২০২২/৬০

তারিখঃ ১০.০২.২০২২ইং

## নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের পৌর-২ শাখার ১০.০২.২০২২ইং তারিখের ৪৬.০০.০০০০.০৬৪.০১১.০৪২.১৩-১০৬স্মারকপত্র মোতাবেক প্রদত্ত ছাড়পত্রের প্রেক্ষিতে হারাগাছ পৌরসভা, কাউনিয়া, রংপুর এর নিম্ন বর্ণিত শূণ্য পদ সমূহে স্থায়ীভাবে কর্মচারী নিয়োগের শর্ত সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	জাতীয় বেতনক্রম-২০১৫ অনুসারে	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	হিসাব রক্ষক	১	(গ্রেড-১৩) ১১০০০-২৬৫৯০	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রী। হিসাব রক্ষক কাজে ন্যূনতম ২ বছরের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।
২	সহকারী কর আদায়কারী	১	(গ্রেড-১৫) ৯৭০০-২৩৪৯০	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী।
৩	লাইসেন্স পরিদর্শক	১	(গ্রেড-১৫) ৯৭০০-২৩৪৯০	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী।
৪	নিম্নমান সহকারী কাম-মুদ্রাক্ষরিক	১	(গ্রেড-১৬) ৯৩০০-২২৪৯০	স্বীকৃত শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক পাস অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে। বাংলায় ৩০ এবং ইংরেজিতে ৪০ শব্দের গতি থাকতে হবে। পৌরসভায় কর্মরত ৪র্থ শ্রেণীর কর্মচারীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। তবে এই পদের জন্য নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে।
৫	স্বাস্থ্য সহকারী	১	(গ্রেড-১৬) ৯৩০০-২২৪৯০	স্বীকৃত শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান বিভাগ/জীব বিজ্ঞানসহ) পাস। বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে।
৬	আদায়কারী (বাজার)	১	(গ্রেড-১৬) ৯৩০০-২২৪৯০	স্বীকৃত শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক বা সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে।
৭	ট্রাক/ট্রাক্টর চালক	১	(গ্রেড-১৫) ৯৭০০-২৩৪৯০	৮ম শ্রেণী পাশসহ যানবাহন চালকের বৈধ লাইসেন্স এবং সংশ্লিষ্ট বিষয়ে ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
৮	এমএলএসএস	২	(গ্রেড-২০) ৮২৫০-২০০১০	৮ম শ্রেণী পাশ।
৯	দারওয়ান	১	(গ্রেড-২০) ৮২৫০-২০০১০	৮ম শ্রেণী পাশ হতে হবে এবং সুঠাম দেহের অধিকারী হতে হবে।

### শর্তাবলীঃ

- ১। নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ ও বয়স (১১.০২.২০২২ইং), বৈবাহিক অবস্থা, ধর্ম, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা এবং জাতীয়তা ইত্যাদি উল্লেখপূর্বক লিখিত দরখাস্ত আগামী ০৯.০৩.২০২২ইং তারিখে অফিস চলাকালীন সময়ের মধ্যে সরকারী ডাক/কুরিয়ার সার্ভিসযোগে মেয়র, হারাগাছ পৌরসভা, কাউনিয়া, রংপুর এর কার্যালয়ে পৌঁছাতে হবে।
- ২। সকল পদের জন্য দরখাস্তকারীগণের বয়স ১১.০২.২০২২ইং তারিখে ১৮ হতে ৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সরবরাহকৃত মুক্তিযোদ্ধার সন্তান (বয়স ৩২বৎসর) সনদপত্র অবশ্যই দাখিল করতে হবে।
- ৩। দরখাস্তের সাথে সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের অনুলিপি ১ম শ্রেণীর সরকারী গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।
- ৪। সদ্যতোলা ৩কপি পাসপোর্ট সাইজের ছবি ১ম শ্রেণীর সরকারী গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে দরখাস্তের সাথে সংযুক্ত করতে হবে।
- ৫। নিজ ইউনিয়ন/পৌরসভা, চেয়ারম্যান/মেয়র এর নিকট হতে নাগরিকত্ব ও চারিত্রিক সনদের মূলকপি এবং জন্ম নিবন্ধনের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
- ৬। প্রার্থীকে জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- ৭। দরখাস্তের সাথে মেয়র, হারাগাছ পৌরসভার অনুকূলে ১ হতে ৭নং ক্রমিকের প্রার্থীদের ৫০০/- (পাঁচশত) টাকা এবং ৮ ও ৯নং ক্রমিকের প্রার্থীদের ৩০০/- টাকা (তিনশত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার (অফেরতযোগ্য) দরখাস্তের সাথে জমা করতে হবে।
- ৮। প্রার্থী নিয়োগের ক্ষেত্রে সরকারী নিয়মনীতি অনুসরণ করতে হবে।
- ৯। চাকরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করতে হবে।
- ১০। কোন ব্যক্তিবিশেষ কর্তৃক সুপারিশকৃত, অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত সকল দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।
- ১১। খামের উপর পদের নাম স্পষ্ট করে লিখতে হবে।
- ১২। পরীক্ষা/সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১৩। প্রার্থী নিয়োগের বিষয়ে বাছাই কমিটির গৃহীত সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

মোঃ এরশাদুল হক  
মেয়র  
হারাগাছ পৌরসভা  
কাউনিয়া, রংপুর।